# সম্প্রীতি

জুন,২০২১

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইকং, হ্নিলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

### যুব নেতৃত্ব ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

## নেতৃত্বের বিকাশ ও দ্বন্দ্ব ব্যবস্থাপনায় যুবকদের অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি

২৬ ও ২৭ মে ২০২১ তারিখে কুতুপালং উচ্চ বিদ্যালয় এবং হ্নিলা অফিসে বালুখালী প্রত্যাশা ক্লাব এবং লম্বাবিল ক্রীড়া পরিষদের যুবকদের সাথে নেতৃত্ব, দ্বন্দ্ব ব্যবস্থাপনা, সামাজিক সংহতি এবং মানবাধিকার বিষয়ক দুই দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ক্লাবের অন্তত ৫০ জন সদস্য দিনব্যাপী এই প্রশিক্ষণে অংশ নেন। ইউএনএইচসিআর এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন "সামাজিক সংযোগ বৃদ্ধি" প্রকল্পের আওতায় এই প্রশিক্ষণটির আয়োজন করেন। সামাজিক সংযোগ বৃদ্ধি প্রকল্পের অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন অফিসার তানজির উদ্দিন রনি এবং এম অ্যান্ড ই অফিসার রিয়াজ হোসেন এই প্রশিক্ষণটি পরিচালনা করেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা নেতৃত্ব, টিম ম্যানেজমেন্ট, দ্বন্দ্ব ব্যবস্থাপনা এবং সামাজিক সংযোগ বিষয়ে দলগত আলোচনা এবং কাজের মাধ্যমে ধারণা লাভ করেন। প্রশিক্ষণের শুরুতে প্রি টেস্ট এর মাধ্যমে প্রশিক্ষণের বিষয়বস্তুর উপর অংশগ্রহনকারীদের ধারণা মুল্যায়ন করা হয়। প্রশিক্ষণে ফ্যাসিলিটেটররা নেতৃত্ব গ্রহণে যুবকদের এগিয়ে আসতে পরার্মশ দেন। তারা আরো বলেন, রোহিঙ্গা বিপর্যয়ে আমাদের যুকদের অগ্রণী ভুমিকা পালন করতে হবে। তাদের এগিয়ে আসতে হবে যেকোন সমস্যা সমাধানে আর এর জন্য যুকদের নেতৃত্বের গুনসমুহ ধারণ করতে হবে, দ্বন্দ্ব ব্যবস্থাপনা সম্পর্কে জানতে হবে। গ্রুপ ওর্য়াক সেশনের মাধ্যমে অংশগ্রহণকারীরা বাস্তব প্রেক্ষিতে দ্বন্দ্ব নিরসনের কিছু কৌশল উপস্থাপন করে।



cwkÿY ‡dwmwj‡UU Ki‡Qb gwbUwis Awdmvi wiqvR †nvmvBb Qwe-RjwdKvi. 26.05.2021



*"রোহিঙ্গা এবং স্থানীয়দের মধ্যে যেকোন ধরনের দ্বন্দ্বের ঝুঁকি কমাতে হলে উভয়পক্ষের নিয়মিত আলোচনায় বসতে হবে"*

২৬ মে "নেতৃত্ব উন্নয়ন ও দ্বন্দ্ব ব্যবস্থপনা" বিষয়ক প্রশিক্ষণ চলাকালীন সময়ে তরুণ নেতা ও বালুখালী প্রত্যাশা ক্লাবের সভাপতি মোঃ মিজানুর রহমান বলেন, "আমরা যদি রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে যে কোন ধরনের দ্বন্দ্ব বা সংঘাতের ঝুঁকি হ্রাস করতে চাই তবে আমাদের মধ্যে বিদ্যমান সমস্যা এবং এর সমাধান অনুসন্ধান করার জন্য আমাদের নিয়মিত মিলিত হতে হবে। আমাদের সম্ভাব্য ঝুঁকিসমুহ চিহ্নিত করে এর সমাধানের জন্য একমত হতে হবে। আর এতে করেই রোহিঙ্গা প্রত্যাবাসনের আগ পর্যন্ত সামাজিক সম্প্রীতি বজায় থাকতে পারে"। ২০২০ সালের জানুয়ারী থেকে কোস্ট ইউএনএইচসিআর-এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের মাধ্যমে স্থানীয় যুব ক্লাবগুলিকে সামাজিক উন্নয়নমুলক কার্যকলাপের সাথে যুবকদের অংশগ্রহণকে বৃদ্ধি করতে কাজ করছে। সামাজিক সংযোগ প্রকল্পের অধীনে মোট পঞ্চাশজন যুব নেতৃত্ব এবং দ্বন্দ্ব ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে অংশ নেন।



**ওয়ার্ড ভিত্তিক নারীদের মানবাধিকার বিষয়ক সেশন**

## "যেকোন দায়িত্ব নিতে নারীরা এখন আগের চেয়েও শক্তিশালী"-মর্জিনা আকতার, নারী নেত্রী



*ivRv cvjs 9bs Iqv‡W bvix‡`i gvbewaKvi I mvgwRK ms‡hvM weIqK †mkb-Qwe-kvnRvnvb, 24.05.2021*

ইউএনএইচসিআর-এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার জেলার অর্ন্তগত উখিয়া এবং টেকনাফ উপজেলার রোহিঙ্গা এবং স্থানীয় জনগণের মধ্যে সামাজিক সংযোগ এবং শান্তিপূর্ণ সহাবস্থান উন্নয়নে কাজ করছে। কোস্ট ফাউন্ডেশন "সামাজিক সংযোগ বৃদ্ধি" প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে উখিয়া এবং টেকনাফ উপজেলার বিভিন্ন ওয়ার্ডে স্থানীয় নারীদের সাথে সামাজিক সংযোগ বৃদ্ধি ও মানবাধিকার বিষয়ে সচেতন করতে ওয়ার্ড ভিত্তিক সেশন আয়োজন করে। সামাজিক সম্প্রীতি সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং মানবাধিকার সর্ম্পকে সংবেদনশীল করার জন্য এ পর্যন্ত ১২ টি সেশন আয়োজন করা হয়েছে। বিভিন্ন শ্রেনী-পেশার নারীরা এই সেশনগুলোতে অংশ নেন। সাধারণ নারীদের পাশাপাশি স্থানীয় নারী নেতৃবৃন্দরাও এই সেশনে উপস্থিত থাকেন। তারা রোহিঙ্গা প্রসঙ্গে মানবাধিকার এবং সামাজিক সম্প্রীতির গুরুত্ব সর্ম্পকে তাদের মতামত জানান। এক সেশনে রাজাপালং ইউনিয়ন পরিষদ স্ট্যান্ডিং কমিঠির সদস্য মিসেস মর্জিনা বেগম জানান, "সমৃদ্ধ সমাজ গঠনে নারীরাই প্রধান শক্তি এবং নারীরা এখন দায়িত্ব নিতে যথেষ্ট শক্তিশালী"। সুশীল সমাজ, সাংবাদিক, শিক্ষক, জনপ্রতিনিধি, ধর্মীয় নেতারা যে কোন সমাজের পথিকৃৎ হিসেবে বিবেচিত হয় যেখানে অনেক সময় নারীদের অংশগ্রহন কম থাকে। তবে উখিয়া এবং টেকনাফে বেশিরভাগ সময় গুটিকয়েক নারী নেতৃত্ব ছাড়া তেমন কোন নারীকে সমাজের উন্নয়নে অংশগ্রহন করতে দেখা যায় না। সমাজের পিছিয়ে পড়া নারীদের সচেতন করতে এবং তাদের সমাজের প্রতিনিধিত্বে এগিয়ে আনতে আরো বেশি কাঁযক্রম গ্রহনের আহবান জানান রাজাপালং ইউনিয়নের নারী নেত্রী খুরশিদা হক।

### কাজের লক্ষ্যমাত্রা ও র্অজন, মে ২০২১

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | র্অজন |
|---|---|---|
| ওয়ার্ড পর্যায়ে নারীদের সাথে সভা | ৪ | ৪ |
| র্ধমীয় নেতাদের সভা | ২ | ২ |
| বাজার কমিঠির সভা | ২ | ২ |
| যুব নেতৃত্ব ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা প্রশিক্ষণ | ২ ব্যাচ | ২ ব্যাচ |

**যুব দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ**

## সামাজিক সংযোগ বৃদ্ধি প্রকল্পের আওতায় মোট ১২০ জন স্থানীয় ও রোহিঙ্গা যুবককে ৫টি ক্যাটাগরিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হবে

ইউএনএইচসিআর এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশনের সামাজিক সংযোগ বৃদ্ধি প্রকল্পের আওতায় মোট আশি জন স্থানীয় যুবক এবং চল্লিশ জন রোহিঙ্গা যুবককে বিভিন্ন ক্যাটাগরিতে দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হবে। ইউএনএইচসিআর এর সাথে পরামর্শক্রমে পাঁচটি প্রশিক্ষণ প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। প্রাথমিকভাবে নির্বাচিত স্থানীয় যুবকদের জন্য প্রশিক্ষণগুলো হল- ড্রাইভিং, মোবাইল মেরামত, বেসিক কম্পিউটার দক্ষতা, প্লামবিং, জেনারেল ইলেক্টনিক্স এবং রোহিঙ্গা যুবকদের জন্য রাজমিস্ত্রির কাজ, জেনারেল ইলেক্টনিক্স এবং সোলার প্যানেল মেরামতের প্রশিক্ষণ। ২০২১ এর জুলাই থেকে উক্ত প্রশিক্ষণসমুহ প্রদান শুরু করা হবে। সামাজিক সংযোগ প্রকল্পের অর্থায়নে নির্মিত ক্লাবে স্থানীয় যুবকদের এই প্রশিক্ষণ প্রদান করা হবে।